গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
ডাঃ জহিরউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড়
publiclibrary.panchagarh.gov.bd

২০২৩-২৪ অর্থবছরের ডাঃ জহিরউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড় এর তথ্য অধিকার বিষয়ে আইন ও বিধি বিধান বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ হাবিবা খাতুন, লাইব্রেরিয়ান ও সভাপতি তথ্য অধিকার কমিটি ডাঃ জহিরউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড়।
তারিখ ঃ ২৬-০৫-২০২৪
সময় ঃ ৩.০০ টা
স্থান ঃ পাঠ কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

| ক্র | কার্যক্রমসমূহ | বাস্তবায়ন সম্পর্কিত তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে আলোচনা। | **তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত বিধান করিবার লক্ষ্যে প্রণীত আইন।**এই আইন তথ্য অধিকার আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।<br>১লা জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর | আইন তথ্য অধিকার আইন, ২০০৯ জনগণকে অবহিত করতে হবে। | জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড়। |
| ২. | **কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়** | ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য;<br>(খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;<br>(গ) কোন বিদেশী সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;<br>(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;<br>(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ নিম্নোক্ত তথ্য, যথাঃ-<br>(অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;<br>(আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;<br>(ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;<br>(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;<br>(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;<br>(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;<br>(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;<br>(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;<br>(ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;<br>(ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;<br>(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য;<br>(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে | শুধু প্রদানযোগ্য তথ্য প্রদান করতে হবে। | জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এইরূপ তথ্য;<br>(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;<br>(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য ;<br>(থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;<br>(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;<br>(ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;<br>(ন) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্যঃ<br>তবে শর্ত থাকে যে, মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হইবার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যেসকল বিষয়ের উপর ভিত্তি করিয়া সিদ্ধান্তটি গৃহীত হইয়াছে উহা প্রকাশ করা যাইবেঃ<br>আরো শর্ত থাকে যে, এই ধারার অধীন তথ্য প্রদান স্থগিত রাখিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তথ্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে। | | |
| ৩. | **তথ্য প্রাপ্তির অনুরোধ** | কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চাহিয়া লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করিতে পারিবেন। | তথ্য প্রাপ্তির অনুরোধ নির্দিষ্ট ফরমেটে লিখিতভাবে করতে হবে। | জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড়। |
| ৪. | **তথ্য প্রদান পদ্ধতি** | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন।<br>অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকিলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হইলে অপারগতার কারণ উল্লেখ করিয়া আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করিবেন।<br>অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হইতে মুক্তি সম্পর্কিত হইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করিবেন।<br>দাযিত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন পাওয়ার পর ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে ক্ষেত্র বিশেষে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সফ্ট/ই-মেইল/প্রিন্টেড কপি/ফটোকপি/সিডি কপি তথ্য প্রদান করবেন।<br>কোন কারণে দাযিত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানে অপারগ হলে, আবেদনকারীকে নির্ধারিত পদ্ধতি/ফরমেট অনুসরণপূর্বক ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করবেন।<br>আবেদনকারী তথ্য না পেলে নির্দিষ্ট কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।<br>আপীল কর্তৃপক্ষ ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করবেন।<br>আপীল করেও তথ্য না পেলে তথ্য কমিশন বরাবর ৩০ দিনের মধ্যে অভিযোগ দায়ের করতে পারবেন।<br>তথ্য কমিশন ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তি করবেন বর্ধিত করলে ও ৪৫ দিনের অধিক হবে না। | নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান করতে হবে। | জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড়। |

মোছাঃ হাবিবা খাতুন
লাইব্রেরিয়ান
ফোন নং- ০২৫৮৯৯৪১০০৩
djahiruddinlaibrari@gmail.com

স্মারক নং ৪৩.২৬.৭৭০০.০০০.০৫.০০৭.২১.২৩৯ তারিখঃ ২৬/০৫/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, বি.এস.এল.ভবন-৩ (২য় তলা), ১ মিন্টো রোড, রমনা, ঢাকা।
২। সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর।
৩। ..................................................................................., পঞ্চগড়।
৪। অফিস কপি।

26/05/2024


মোছাঃ হাবিবা খাতুন
লাইব্রেরিয়ান
ফোন নং- ০২৫৮৯৯৪১০০৩
djahiruddinlaibrari@gmail.com

২০২৩-২৪ অর্থবছরে জেলা সরকারি গণগ্রন্থাগার, পঞ্চগড় এর অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে (Stakeholders) অবহিতকরণ ২য় সভার হাজিরা।

স্থানঃ পাঠ কক্ষ

তারিখঃ ২৬/০৫/২০২৪ খ্রিঃ

| ক্র.নং | নাম | পদবী | দপ্তরের নাম/ঠিকানা, মোবা. নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোঃ ফরিদ হোসেন | ব্যবসা | পঞ্চগড় | Farid |
| ২. | তুষার রায় | ছাত্র | ভোকডোবা, পঞ্চগড় | তুষার |
| ৩. | পার্থ | ছাত্র | দেবীগঞ্জ, পঞ্চগড় | পার্থ |
| ৪. | বাদল | ছাত্র | পঞ্চগড় | Badol |
| ৫. | শিশির | ছাত্র | আটোয়ারি | shishir |
| ৬. | রিতু | ছাত্রী | পঞ্চগড় | Ritu |
| ৭. | মাফি | ছাত্রী | পঞ্চগড় | Mafi |
| ৮. | বাসোমতি | ছাত্রী | পঞ্চগড় | বাসো |
| ৯. | শারমিন | ছাত্রী | পঞ্চগড় | শারমিন |
| ১০. | আনিকা | ছাত্রী | পঞ্চগড় | আনিকা |
| ১১. | শানু | ছাত্রী | পঞ্চগড় | শানু |
| ১২. | মোছাঃ মালেয়ারা | ছাত্রী | পঞ্চগড় | মালেয়ারা |
| ১৩. | | | | |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |


২০২৩-২৪ অর্থবছরের ডা
জহিরউদ্দিন জেলা সরকারি
গণগ্রন্থাগার, পঞ্চগড় এর তথ্য
অধিকার বিষয়ে আইন ও বিধি
বিধান বিষয়ক জনসচেতনতা
বৃদ্ধিকরণ বিষয়ক ২য় সভা